

T-Shirt Painting Competition

Date – 19th March, 2023, at 2.00 to 3.30 pm (reporting time 1.30 pm)

Venue – Asanna Building, New Town, Kolkata

Any queries – email at – toilsr.2022@gmail.com

১. প্রত্যেক প্রতিযোগীকে আঁকার জন্য একটি করে সাদা টি-শার্ট দেওয়া হবে।
২. টি শার্টের শুধুমাত্র সামনের দিকেই আঁকতে হবে।
৩. নকশার জন্য অ্যাক্রিলিক জাতীয় রঙের ব্যবহার করতে হবে। তা ছাড়া যে কোনও ধরনের ওয়াশেবল রঙ ব্যবহার করা যেতে পারে। প্রয়োজনে অ্যাক্রিলিক রঙের সঙ্গে মিডিয়াম ব্যবহার করা যেতে পারে।
৪. শুরু থেকে শেষ পর্যন্ত সম্পূর্ণ কাজটি প্রতিযোগিতা-স্থলে নির্দিষ্ট সময়ের মধ্যেই শেষ করে জমা দিতে হবে।
৫. প্রয়োজনীয় রং, পেন্সিল, ইরেজার, বোর্ড, ক্লিপ, তুলি, জলের পাত্র, প্যালেট ইত্যাদি প্রতিযোগীকেই নিয়ে আসতে হবে।
৬. বিষয় যেহেতু 'মাতৃভাষা', তাই নকশার মধ্যে ভারতীয় সংবিধানের অষ্টম তফসিলভুক্ত যে কোনও ভাষার হরফ ব্যবহার করা যাবে।
৭. প্রতিযোগিতা চলাকালীন সংশ্লিষ্ট প্রতিযোগী মোবাইল ফোন/ ট্যাবলেট/কাগজ/কাপড়/ অন্য কোনও উপাদানের মাধ্যমে কোনও নকশার খসড়া (লে আউট) দেখতে পারবেন না। চূড়ান্ত কাজটি করার আগে যদি কোনও লে আউট দরকার হয়, সে ক্ষেত্রে প্রতিযোগিতার জন্য নির্ধারিত সময়ের মধ্যে তাঁকেই সেটি তৈরি করতে হবে।
৮. পুরস্কারপ্রাপ্ত টি শার্টগুলি ইনস্টিটিউট অফ ল্যাঙ্গুয়েজ স্টাডিজ অ্যান্ড রিসার্চ-এর সম্পত্তি হিসাবে পরিগণিত হবে।
৯. প্রতিযোগিতার ফলাফল নির্ধারণের ব্যাপারে বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত। এই বিষয়ে প্রতিযোগীদের তরফে অঙ্কন-বহির্ভূত যে কোনও রকম তৎপরতা সম্পূর্ণ ভাবেই প্রতিযোগিতার নিয়মবিরুদ্ধ হিসাবে গণ্য করা হবে। পরিণামে, তাঁর কাজটি বাতিল করে দেওয়া হবে।
১০. প্রয়োজনে কোনও প্রতিযোগীর বয়সের প্রমাণপত্র হিসাবে কোনও স্বীকৃত নথির প্রতিলিপি পেশ করতে বলা হতে পারে।